# 📖 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯৮৯

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৫. দ্বিতীয় অনুচ্ছেদ - সৃষ্টির প্রতি দয়া ও অনুগ্রহ

---

আরবী

وَعَنْ عَائِشَةَ
أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «أنزِلوا النَّاس منازَلهم» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৪৯৮৯-[৪৩] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মানুষকে তার পদমর্যাদা অনুযায়ী সম্মান করো। (আবূ দাঊদ)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৪৮৪২, য‘ঈফাহ্ ১৮৯৪, য‘ঈফুল জামি‘ ১৩৪৪।

হাদীসটি য‘ঈফ হওয়ার কারণ, এর সনদে ইনক্বিত্বা‘ বা বিছিন্নতা রয়েছে। তা হলো মায়মূন ‘আয়িশাহ্ (রাঃ)-কে পাননি। দেখুল- আবূ দাঊদ ৪৮৪২, য‘ঈফাহ্ ১৮৯৪।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ أَنْزِلُوا النَّاسَ مَنَازِلَهُمْ মানুষকে তার মর্যাদা অনুযায়ী সম্মান দাও। এ কথাটির অর্থ হলো মানুষ সমাজে প্রত্যেক ধর্ম, জ্ঞানে, বিজ্ঞানে, সম্মানে যে যে শ্রেণী ও পর্যায়ের তার সাথে সেরূপ মর্যাদা বজায় রেখে আচার ব্যবহার কর। ‘আল্লামা ‘আযীযী (রহিমাহুল্লাহ) বলেনঃ

الْمُرَادُ بِالْحَدِيث الْحَضُّ عَلٰى مُرَاعَاةِ مَقَادِيرِ النَّاسِ وَمَرَاتِبِهِمْ وَمَنَاصِبِهِمْ وَتَفْضِيلِ بَعْضِهِمْ عَلٰى بَعْضٍ فِي الْمَجَالِسِ وَفِي الْقِيَامِ وَغَيْرِ ذٰلِكَ مِنَ الْحُقُوقِ

অর্থাৎ অত্র হাদীসের উদ্দেশ্য হলো মানুষকে উৎসাহিত করে তোলা যে, তারা যেন প্রত্যেককে তাদের নিজ নিজ পদ মর্যাদা সামাজিক অবস্থান ও মান-মর্যাদা বজায় রেখে আচার আচরণ করে। (‘আওনুল মা‘বূদ ৮ম খন্ড, হাঃ

৪৮৩৪)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75713

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন